গাংনীর পল্লী থেকে ৪শ’২৬ বোতল ফেন্সিডিল সহ দু’মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার বালিয়াঘাট থেকে ৪শ’২৬ বোতল ফেন্সিডিল সহ দু’জন মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

রবিবার সকাল ৭টার দিকে উপজেলার বালিয়াঘাট গ্রামে তাদের ফেন্সিডিল সহ আটক করে।

আটককৃতরা হলো, এ উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের মোল্লা পাড়ার মুজিবর রহমানের ছেলে সুমন (৩২) ও সেন্টার পাড়ার রুহুল আমিনের ছেলে মিন্টু মিয়া (৩১)।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় সহড়াতলা গ্রাম থেকে কুষ্টিয়ার উদ্দেশ্যে মাদক পাচার করা হচ্ছে।

এমন সংবাদের ভিত্তিতে আমাদের থানার এস আই আঃ হক ও এ এস আই রবিউল ইসলামের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে তাদের আটক করা হয়। এ সময় তাদের নিকট থেকে ৪শ’২৬ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, আটককৃতদের মাদক মামলায় মেহেরপুর কোর্ট হাজতে প্রেরণ করা হবে।

মেপ্র/এমইএম

আরো পড়ুন: গাংনী ইউএনও কার্যালয় ও পৌরসভার বিদ্যুৎ বিল বাকি ৩০ লাখ টাকা

গাংনী ইউএনও কার্যালয় ও পৌরসভার বিদ্যুৎ বিল বাকি ৩০ লাখ টাকা

মেহেরপুরের গাংনী উপজেলা নির্বাহী অফিসারের (ইউএনও) কার্যালয় ও গাংনী পৌর সভার ৩০ লাখ টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া আদায় করতে প্রতিনিয়ত নাজেহাল হচ্ছেন গাংনী পল্লী বিদ্যুৎ।

বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের জন্য বারবার মৌখিক ও লিখিত ভাবে তাগাদা দিলেও বিল দিতে গড়িমসি করছেন বিল খেলাপি দুটি কার্যালয়। অথচ একজন ব্যক্তি মালিকানা পরপর দুই বা তিন মাসের বিল খেলাপি হলেই তার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেয় পিবিএস।

নিয়ম অনুযায়ী সরকারি ও আধা সরকারি প্রতিষ্ঠান/স্বায়ত্বশাসিত/কর্পোরেশন সমুহের বিদ্যুৎ বিল পরিশোধ করা না হলে সংযোগ বিচ্ছিন্নের জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নির্দেশনা দেয়া হয়।

যা বিভিন্ন গণ মাধ্যম সহ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত হলেও গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও গাংনী পৌর সভায় প্রায় ৩০ লাখ টাকা বকেয়া মাথায় নিয়েও চালানো হচ্ছে বিদ্যুৎ। এদিকে মেপবিস এর উর্ধতন কর্তৃপক্ষের চাপে দিশে হারা হয়ে পড়েছেন ডিজিএম।

গাংনী পল্লী বিদ্যুৎ অফিস সুত্রে জানাগেছে, গাংনী উপজেলা নির্বাহী অফিসের নামে মেইন মিটার যার হিসাব নং-১৩৬/৪৪১০, ৫/৯৮ হতে বিভিন্ন সালের ১১/১৯ পর্যন্ত বকেয়ার পরিমাণ ১৩ লাখ ২৩ হাজার ৯৭৬ টাকা। (অফিস ভবন) হিসাব নং-১৩৬/৬৮৩০, বকেয়ার মাস ১১/১৮ হতে ১১/১৯ পর্যন্ত বকেয়ার পরিমাণ ২ লাখ ৩৬ হাজার ৬৫ টাকা।

উপজেলা নির্বাহী অফিসারের (আবাসিক ভবন) হিসাব নং-১৩৬/১৪৫০, বকেয়ার মাস ১/১০, ১/১৩+৯/১৩, ১+৫+১১/১৪, ৬/১৫, বকেয়া টাকার পরিমাণ ৫৩ হাজার ৩০৮ টাকা। উপজেলা নির্বাহী অফিসের (পানির পাম্প) হিসাব নং-৬৮৪০, বকেয়ার মাস- ২+৫/১৬, ৫/১৮, ১১/১৯ টাকার পরিমাণ ১৮ হাজার ৮৬৫ টাকা। বিভিন্ন সময় বিভিন্ন মাসের গাংনী উপজেলা নির্বাহী অফিসারের দায়িত্বে ব্যাবহৃত মোট বকেয়ার পরিমাণ ১৫ লাখ

৬৩ হাজার ৬৭৮ টাকা।

অপরদিকে গাংনী পৌর সভার এ পর্যন্ত বিদ্যুৎ বিল বকেয়া আছে ১৫ লাখ ৭৯ হাজার ৬৫১ টাকা।

সুত্রে আরো জানায়, মেহেরপুর পল্লীবিদ্যুৎ সমিতির বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের নির্দারিত দর অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ মউন্নয়ন বোর্ডের নিকট থেকে সরাসরি বিদ্যুৎ ক্রয় করে খুচরা পর্যায়ে বিক্রয় করে থাকে। অত্র পবিসকে প্রতি মাসেই ক্রয়কৃত বিদ্যুতের মুল্য নগদে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) কে পরিশোধ করতে হয়। কিন্তু ভোক্তা পর্যায়ে বিক্রয়কৃত অর্থ পাওয়া না গেলে অর্থ ব্যাবস্থাপনায় জটিলতা দেখা দেয়।

অন্যদিকে বিদ্যুৎ বিল সরকারি দাবি বা সরকারি রাজস্ব হিসাবে পাবলিক ডিমান্ড রিকোভারি এক্ট অব ১৯১৩ এর বিধান অনুসারে আদায়যোগ্য হলেও গাংনী জোনাল অফিসের ডিজিএম নাজেহাল হয়ে পড়েছেন।

এব্যাপারে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী জোনাল অফিসের দায়িত্বরত ডিজিএম নিরাপদ দাস জানান, বকেয়া বিল আদায়ের লক্ষে মৌখিক ভাবে বার বার তাগাদাসহ অনুরোধ করা হলেও বকেয়া পরিশোধের কোন উদ্যোগ নিচ্ছেননা উপজেলা নিবাহী অফিসার। তার পরেও বকেয়া বিল পরিশোধের জন্য একাধিকবার লিখিত ভাবে অনুরোধ জানানো হয়।

গাংনী পৌর সভার মেয়র আশরাফুল ইসলাম বলেন আমার সময়ে এক মাসের বিল বকেয়া নেই। বিগত মেয়র থাকা অবস্থায় ৫ বছর বিল না দিয়ে বকেয়া করে গেছেন। যা এখন আমার ঘাড়ে বকেয়া বিলের দায় চেপে বসেছে। তবে আস্তে আস্তে বকেয়া বিল দেয়া হচ্ছে। আশাকরি খুব শিঘ্রই সমন্বয় হয়ে যাবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও দিলারা রহমান জানান, আমার পরিষদের টাকা বকেয়া নেই। বকেয়া আছে উপজেলা পরিষদের। আমি উপজেলা পরিষদের চেয়ারম্যান মহদ্বয়কে বলেছি বকেয়া বিল পরিশোধের জন্য। সরকারি বরাদ্দে বিদ্যুৎ বিল আলাদা ভাবে বরাদ্দ না থাকায় বিল পরিশোধ করা যাচ্ছেনা। তবে খুব শিঘ্রই বকেয়া বিল পরিশোধ করা হবে।

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম.এ খালেক জানান, আমি আমার পরিষদের কোন বকেয়া নেই। আমি নির্বাচিত হয়ে এ পর্যন্ত এক মাসেরও বিল বকেয়া নেই। বিগত চেয়ারম্যান আমলে বকেয়া থাকতে পারে।

মেপ্র/এমইএম

আরো পড়ুন: মোবাইল ছেড়ে পড়া লেখায় মন দাও মানুষের মতো মানুষ হও

আলমডাঙ্গায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগের শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন

‘সময় এখন আমাদের, সময় এখন বাংলাদেশের’ এই প্রতিপাদককে সামনে রেখে বাংলাদেশ অর্থ মন্ত্রণালয়ের উদ্যেগে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে একযোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে র্যালি, আলোচনা সভা ও আতশবাঁজির মাধ্যমে পালন করা হয়েছে।

গতকাল শনিবার সকাল ১১ টায় উপজেলা পরিষদ চত্বর হতে র্যালি বের হয়ে শহর প্রদক্ষিণ শেষে আবারো একই স্থানে উপস্থিত হয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপজেলা প্রশাসনের উদ্যোগে আলোচনা সভায় আলমডাঙ্গা উপজেলা সমাজ সেবা অফিসার আফাজ উদ্দীনের উপস্থাপনায় ও উপজেলা নির্বাহি অফিসার লিটন আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সিমা শারমিন,

উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস-চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, আলমডাঙ্গা উপজেলা কৃষি কর্মকর্তা মোহাম্মদ আলী জিন্নাহ, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত,

উপজেলা পল্লি উন্নয়ন কর্মকর্তা সাইলা শারমিন, উপজেলা মহিলা তথ্য আপা স্নিগ্ধা দাস, অগ্নি সেনা মুক্তিযোদ্ধা মইনুদ্দিন, আলমডাঙ্গা সরকারী কলেজের অধ্যক্ষ গোলাম সরোয়ার মিঠু, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ প্রমুখ।

মেপ্র/ আরপি

আলমডাঙ্গা পৌরসভায় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন উদ্বোধন

আলমডাঙ্গা পৌরসভার উদ্যোগে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন-২০২০ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল ১০ ঘটিকায় পৌর চত্বরে আনুষ্ঠানিক ভাবে ক্যাম্পেইন উদ্বোধন করেন পৌর মেয়র হাসান কাদির গনু।

এসময় উপস্থিত ছিলেন পৌরসভার প্যানেল মেয়র-১ সদর উদ্দিন ভোলা, প্যানেল মেয়র-২ জহুরুল ইসলাম স্বপন, কাউন্সিলর আলাল উদ্দিন, কাজী আলী আজগর সাচ্চু, আব্দুল গাফ্ফার, মতিয়ার রহমান ফারুক, ফারুক হোসেন, জাহিদুল ইসলাম ও মামুন অর রশিদ হাসান,

মহিলা কাউন্সিলর কল্পনা খাতুন, সামসাদ রানু, নূরজাহান খাতুনসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও পৌর কর্মচারী আশরাফ আলী, টিকা পরিদর্শক বিল্লাল হোসেন, মুস্তাফিজুর রহমান, মাহফুজুর রানা সহ স্বাস্থ্য শাখার কর্মচারী ও পৌরসভার অন্যান্য কর্মচারীবৃন্দ।

আলমডাঙ্গা পৌরসভার ২৪টি স্থায়ী টিকা কেন্দ্রে, ৫টি ভ্রাম্যমান কেন্দ্র ও ১১টি অতিরিক্ত কেন্দ্রের ৩টি মোবাইল টিমে ১৩০জন স্বেচ্ছাসেবক পৌরসভার সকল কর্মচারীর মাধ্যমে ৬ থেকে ১১ মাস বয়সী শিশু ৭৫৫ জন ও ১ থেকে ৫ বছর বয়সী ৭০৪৪ জন শিশুর লক্ষ্য মাত্রায় ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হয়।

ক্যাম্পেইন পরিচালনায় পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীগণ সার্বিকভাবে সহযোগিতায় ছিলেন।

মেপ্র/ আরপি

মেহেরপুরে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনের উদ্বোধন

মেহেরপুর জেলার দুটি পৌরসভা ও তিনটি উপজেলায় ৪৭৭ টি কেন্দ্রে একযোগে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার সকালে মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনি মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে কয়েকটি শিশুর মুখে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল তুলে দিয়ে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন এর উদ্বোধন ঘোষণা করেন।

এ সময় সিভিল সার্জন ডাক্তার শামীম আরা নাজনীন, আর এম ও ডাক্তার এহসানুল কবির, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার অলোক কুমার দাস, ইপিআই সুপার আব্দুস সালাম প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনে ৬-১১ প্লাস ৮ হাজার ২১ জন শিশুকে এবং ১২-৫৯ ক্লাস ৫৯ হাজার ৬ শ ৭৫ জন শিশুকে এ প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে।

মেপ্র/ আরপি

মোবাইল ছেড়ে পড়া লেখায় মন দাও মানুষের মতো মানুষ হও

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়তে আমাদের অবশ্যই দূর্নীতি মুক্ত হতে হবে। তাই শুধু লেখা পড়া করে একটি চাকুরির মধ্যেই নিজেকে সিমাবদ্ধ না রেখে দেশকে সোনার দেশ গড়ে তুলতে হবে নিজেকে সোনার মানুষ হতে হবে।

শনিবার সকালে মেহেরপুরের গাংনী উপজেলার হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের উর্দ্ধমুখি ভবন উদ্বোধন ও নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এমনটি বলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মো: সাহিদুজ্জামান খোকন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরও বলেন, এখন তোমাদের স্বর্নালী সময় এ সময়টাকে তোমরা নিজেকে সোনার মানুষ হিসেবে গড়ে তুলে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার উন্নত সোনার বাংলাদেশ গড়তে গুরুত্ব পূর্ণ ভুমিকা রাখবে।

তাই এখনই তোমাদেরকে অলস বা বাজে কাজে সময় নষ্ট না করে পড়া লেখায় মনোযোগি হতে হবে- মানুষের মতো মানুষ হতে হবে। এ জন্য এখন থেকেই তোমাদেরকে মোবাইল ফোন বাদ দিয়ে লেখা পড়ায় মনোযোগি হতে হবে।

এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, লেখা পড়া শুধু একটি ভাল চাকুরির জন্যই নয় ভাল মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে তবেই আমার দেশ সত্যিকারের উন্নয়নশীল দেশে পরিণত হবে।

বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা দেলোয়ার হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী থানার ভার প্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীল হাবিবুল বাশার, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ গোলাম মোস্তফা, জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মখলেছুর রহমান মুকুল,সাবেক কমান্ডার আমিরুল ইসলাম, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম ফারুক, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যলয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি, তেতুলবাড়িয়া ইউপি’র সাবেক চেয়ারম্যান নাজমুল হুদা পঁচু প্রমুখ।

এসময় বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও এলাকার সকল শ্রেনী পেশার লোকজন উপস্থিত ছিলেন।

মেপ্র/ আরপি

আরো পড়ুন: গাংনী ইউএনও কার্যালয় ও পৌরসভার বিদ্যুৎ বিল বাকি ৩০ লাখ টাকা

মেহেরপুরের খোকসা ফ্রেন্ডস ক্লাব এন্ড লাইব্রেরীর উদ্যোগে কুইজ প্রতিযোগীতা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ডাঃ মহিউদ্দিন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে কুইজ প্রতিযোগীতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দুপুরে খোকসা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব হল রুমে কুইজ ও ব্যাগ বিতরণ অনুষ্ঠিত হয়।

কুইজ প্রতিযোগীতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-খোকসা ফ্রেন্ডস ক্লাব এন্ড লাইব্রেরী উপদেষ্টা লুৎফর রহমান, খোকসা গ্রামের ইউপি সদস্য আমিল উদ্দীন, উপদেষ্টা সামসুজ্জোহা (সামিদুল), স্কুল পরিচালনা কমিটি (এসএসসি)’র সভাপতি কদর আলী, বায়তুন নূর জামে মসজিদের সভাপতি মুতালেব শেখ, সহকারী শিক্ষক মোস্তাফিজুর রহমান, সহকারী শিক্ষক শিরিনা খাতুন, খোকসা ফ্রেন্ডস ক্লাব এন্ড লাইব্রেরি সভাপতি হাচানুল হক হিরোক, সহ-সভাপতি আলমগীর, সাধারন সম্পাদক মোঃ সেলিম রেজা, সহ-সাধারন সম্পাদক শাহারিয়া পারভেজ রকি, অর্থ সম্পাদক মেহেদী হাসান লাজুক, ভারপ্রাপ্ত অর্থ সম্পাদক মনিরুজ্জামান মিন্টু, প্রশিক্ষণ সম্পাদক মামুনুর রশিদ, সাংগঠনিক সম্পাদক মাজহারুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক রনি, সমাজ কল্যান সম্পাদক মিথুন, সহ-সমাজ কল্যান সম্পাদক আবু তালেব, মিডিয়া সম্পাদক তোফাজ্জেল হোসেন, নাজমুল, আরিফ, শিমুল, রানা, আশিক, রাজন, রাশিক প্রমুখ।

[redacted]

[redacted]

[redacted]

[

নির্যাতন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের হরিশচন্দ্রপুর গ্রামে যৌতুকের দাবীতে স্ত্রীকে অমানবিক নির্যাতন করেছে তার স্বামী মিল্টন। এছাড়াও বিভিন্ন সময় যৌতুক দাবি করে। এমন অভিযোগ করেছে নির্যাতিতা বিলকিছ।

গতকাল শনিবার বিকাল ৩ টার দিকে দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের হরিশচন্দ্রপুর গ্রামের এ ঘটনা ঘটে। বিলকিছ নওগাঁ জেলার মান্দার উপজেলার কুসুমবা গ্রামে আব্দুস সামাদের মেয়ে।

নির্যাতিত গৃহবধূ বিলকিছ খাতুন জানান, কুড়ুলগাছি ইউনিয়নের হরিশচন্দ্রপুর গ্রামের আবু ছিদ্দিকের ছেলে মিল্টনের সাথে প্রায় দেড় বছর আগে বিয়ে তার বিয়ে হয়। বর্তমানে তিনি তিন মাসের অন্ত:সত্তা। যৌতুকের দাবীতে স্বামী মিল্টন তার উপর প্রায় অমানুবিক ও শারীরিক ভাবে নির্যাতন করে আসছে।

গৃহবধূর বাবা যৌতুকের টাকা বিয়ের পর নগদ দেড় লাখ টাকা দিলেও নতুন করে আবার চাপ দিতে থাকে টাকা দিতে রাজি না হওয়ায় নির্যাতনের মাত্রা আরো বাড়িয়ে দেয়। বর্তমানে তাকে বাড়ী ছাড়া করতে কৌশলে স্বামী মিল্টন নানা ভাবে নির্যাতন করে। মিল্টনের স্ত্রী বিলকিছ নির্যাতন সহ্য করতে না পেরে আত্মহত্যার চেষ্টা করে ।

এদিকে অভিযুক্ত মিল্টনের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তিনি আত্মগোপনে থাকায় কথা বলা সম্ভব হয়নি।

এ ব্যাপারে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে একটি লিখিত অভিযোগ করেছেন নির্যাতিতা বিলকিছ। তিনি চুয়াডাঙ্গা আদালতে মামলার প্রস্তুতি নিচ্ছেন।

বাংলাদেশ এখন জঙ্গী মুক্ত

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, দক্ষিণ পুর্ব এশিয়াতে জঙ্গী আছে। কিন্তু বাংলাদেশ এখন জঙ্গী মুক্ত। ৭১ এর

পরাজিত শত্রুদের জিয়াউর রহমান মন্ত্রী বানিয়েছিলেন।

২০০১ থেকে ২০০৬ সালের সরকার আমাদের এই দেশ পরিচালনায় ব্যর্থ হয়েছিল। সারের জন্য ১৮ জন কৃষকদের গুলি করে হত্যা করার খবর সংবাদপত্রে ছাপা হয়েছিল।

শনিবার দুপুরে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে উপজেলা প্রশাসন আয়োজিত “অপ্রতিরোধ্য আগ্রযাত্রায় বাংলাদেশ” শিরোনামের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী আরও বলেন-অপ্রতিরোধ্য বাংলাদেশ গড়ার স্বপদ্রষ্টা ছিলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

তাঁর দেখানো পথেই দেশ পরিচালনা করছেন তাঁরই সুযোগ্য কণ্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধান মন্ত্রীর একটানা দীর্ঘ ১১ বছরের পরিশ্রমে দেশ আজ মধ্যম আয়ের দারপ্রান্ত। প্রতিমন্ত্রী জোর দিয়ে বলেন- ভবিষ্যতে বিশে^র চারটি দেশে সর্বোচ্চ প্রবৃদ্ধি অর্জিত হবে। যার মধ্যে একটি হবে বাংলাদেশ।

সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলমের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা প্রশাসক আতাউল গনি, পুলিশ সুপার এস এম মুরাদ আলী, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, জেলা আ’লীগের যুগ্ম সম্পাদক এ্যাড. ইব্ররাহীম শাহীন, জেলা জজ কোর্টের পিপি এ্যাড, পল্লভ ভট্টাচর্য প্রমুখ।

এর আগে বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে “অপ্রতিরোধ্য আগ্রযাত্রায় বাংলাদেশ” শীর্ষক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়।

মেপ্র/এমইএম